

ঢাকা ওয়াসা

- ০১। ২০২৫-২৬ ইং অর্থবছরের অনুমোদিত সংশোধিত বার্ষিক ক্রয় পরিকল্পনার কপি।
০২। প্লাস্ট লে-আউটের কপি।
০৩। আলোচ্য কাজের প্রাক্কলন।

বিষয়: Electric Connection Work for Main Security Post With Related Services at SWTP.

০১। ক্রমিক নং ১ হতে ৩ নং পর্যন্ত অনুগ্রহ পূর্বক দেখা যেতে পারে। ঢাকা ওয়াসার সায়েদাবাদ পানি শোধনাগারের অধীনে প্রায় ৪.৮০ কিলোমিটার ডি এন ডি খাল রয়েছে। ডি এন ডি খাল শীতলক্ষ্যা নদী হতে সায়েদাবাদ পানি শোধনাগারের Raw Water Conveyance এবং Pre-Sedimentation হিসাবে ব্যবহৃত হচ্ছে। শীতলক্ষ্যা নদী হতে সারুলিয়া পাম্পিং স্টেশনের সাহায্যে “র” ওয়াটার ডি এন ডি খালের মাধ্যমে এনে সায়েদাবাদ পানি শোধনাগার ফেজ-১ ও ফেজ-২ হতে প্রতিদিন প্রায় ৪৫ কোটি লিটার পরিশোধিত ও বিতুষ্ট পানি ঢাকা মহানগরবাসীদের নিকট সরবরাহ করা হচ্ছে। সায়েদাবাদ পানি শোধনাগার একটি কেপিআই ভুক্ত প্রতিষ্ঠান। সায়েদাবাদ পানি শোধনাগার হতে প্রতিদিন প্রায় ৪৫ কোটি লিটার পানি পরিশোধন করে ঢাকা মহানগরবাসীদের নিকট সরবরাহ করা হয়। সায়েদাবাদ পানি শোধনাগার ফেজ-১ একটি কেপিআই ভুক্ত প্রতিষ্ঠান। উল্লেখ্য যে, সায়েদাবাদ পানি শোধনাগার পরিদর্শনে প্রায়ই বিভিন্ন দাতা সংস্থার প্রতিনিধিগণ আসেন। এছাড়াও আমাদের দেশের বিভিন্ন স্কুল, কলেজ ও বিশ্ববিদ্যালয়ের ছাত্র/ছাত্রী, গবেষক, শিক্ষাবিদ এবং শিক্ষকগণ শিক্ষা সফরে অত্র স্থাপনাটি পরিদর্শনে আসেন। তাই উল্লেখিত স্থাপনাটি পরিষ্কার পরিচ্ছন্ন ও দৃষ্টি নন্দন রাখাসহ প্লান্টের নিরাপত্তা বজায় রাখা যথাযথ প্রয়োজন। তৎপ্রেক্ষিতে প্লান্টের শান্তি শৃঙ্খলা বজায় রাখা সহ সৌন্দর্য ও দৃষ্টি নন্দন বজায় রাখার স্বার্থে প্লান্টের Main Security Post এর বৈদ্যুতিক ওয়্যারিং সম্পূর্ণ রূপে ড্যামেজ হয়ে গেছে। Main Security Post এর বৈদ্যুতিক ওয়্যারিং ড্যামেজ হওয়ার কারণে প্লান্টের নিরাপত্তা ব্যাহত হওয়ার সম্ভাবনা রয়েছে। যা জরুরী ভিত্তিতে মেরামত করা প্রয়োজন। কাজটি বাস্তবায়ন করলে প্লান্টের নিরাপত্তা বৃদ্ধি পাবে।

০২। আলোচ্য কাজটি বাস্তবায়নের লক্ষ্যে পূর্ব অনুমোদিত দর অনুযায়ী “দাপ্তরিক প্রাক্কলন” উপস্থাপন করা হল। উপস্থাপিত প্রাক্কলন দাঁড়িয়েছে মোট ৪৯,৬৭২.০০ (উনপঞ্চাশ হাজার ছয়শত বাহাত্তর টাকা মাত্র) টাকা। ঢাকা ওয়াসার প্রচলিত DoFP অনুযায়ী, উপস্থাপিত প্রাক্কলন অনুমোদনের আর্থিক ক্ষমতা প্রধান প্রকৌশলী/ উপ-ব্যবস্থাপনা পরিচালক (ওএন্ডএম), ঢাকা ওয়াসা মহোদয়ের এখতিয়ার ভুক্ত। উক্ত কাজের ব্যয়ভার সায়েদাবাদ পানি শোধনাগার (রক্ষণাবেক্ষণ) বিভাগ এর ২০২৫-২৬ ইং অর্থ বছরের সংশোধিত বাজেটের পানি ও পয়ঃ শোধনাগার (ওএন্ডএম) খাত (কোড ০১-০৪-০১১) হতে নির্বাহ করা যেতে পারে।

০৩। ২০২৫-২৬ ইং অর্থ বছরের অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনায় কাজটি সরাসরি দরপত্র পদ্ধতিতে সম্পাদনের জন্য Emergency and unforeseen procurement of Works/Goods হিসাবে ধরা আছে। আলোচ্য কাজটি বার্ষিক ক্রয় পরিকল্পনার ক্রমিক নং-১৩৯ এবং প্যাকেজ নং- EU1 তে অন্তর্ভুক্ত রয়েছে। সেই আলোচ্য কাজটি পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা ২০২৫ এর ৯৯ (১) ধারা অনুসারে সরাসরি কার্যক্রম পদ্ধতি এর মাধ্যমে সম্পাদন করা যেতে পারে। এই কাজের জন্য, ঠিকাদারী প্রতিষ্ঠান Garderium কে নিয়োজিত করার প্রস্তাবনা পেশ করা হ’ল।


০৪। এমতাবস্থায়, উপর্যুক্ত অনুচ্ছেদ-১.০ হতে ১.২ পর্যন্ত বর্ণনালোকে Electric Connection Work for Main Security Post With Related Services at SWTP. শীর্ষক কাজটি সম্পাদনের লক্ষ্যে নিম্নবর্ণিত প্রস্তাবসমূহ অনুমোদন করা যেতে পারে।

ক) উল্লেখিত কাজটি পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা ২০২৫ এর ৯৯ (১) ধারা অনুসারে Garderium এর সহিত সরাসরি চুক্তির মাধ্যমে বাস্তবায়নের অনুমোদন।


খ) উপস্থাপিত দাপ্তরিক প্রাক্কলন ৮ ৪৯,৬৭২.০০ (উনপঞ্চাশ হাজার ছয়শত বাহাত্তর টাকা মাত্র) টাকার অনুমোদন।

গ) আলোচ্য ক্রয় সংক্রান্ত ব্যয় ২০২৫-২৬ ইং অর্থ বছরের সংশোধিত বাজেটের পানি ও পয়ঃ শোধনাগার (ওএন্ডএম) খাত (কোড ০১-০৪-০১১) হতে নির্বাহের অনুমোদন।


উল্লেখ্য যে, উপর্যুক্ত প্রস্তাবসমূহ অনুমোদনের ক্ষমতা প্রধান প্রকৌশলী/ উপ-ব্যবস্থাপনা পরিচালক (ওএন্ডএম), মহোদয়ের আওতাধীন।


03.06.26
AE

মুব্রত কুমার দেব
উপ-সহকারী প্রকৌশলী
সায়েদাবাদ পানি শোধনাগার (রক্ষণাবেক্ষণ)
ঢাকা ওয়াসা।


03/06/26

মোঃ শফিউল আলম
সহকারী প্রকৌশলী
সাঃ পাঃ শোঃ (রক্ষণাবেক্ষণ)
ঢাকা ওয়াসা।



03-06-26

রাজীব আহমেদ
নির্বাহী প্রকৌশলী
সায়েদাবাদ পানি শোধনাগার (রক্ষণাবেক্ষণ)
ঢাকা ওয়াসা।

SE(WSTP)/CE/DMO(08M)
সদস্য

XEN(Naint.)

০৬ অনুমোদিত।


03/06/2026
মিজা গোলাম খাতুন
উপ-ব্যবস্থাপনা পরিচালক
পরিচালন ও রক্ষণাবেক্ষণ (অপারেশন)
ঢাকা ওয়াসা।